দৈনিক বাংলা

তারিখ ... 16 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... ৬ ......

০৭

# প্রতিষ্ঠিত ভাল স্কুলে বাইরের ছাত্রদের জন্য দশ ভাগ আসন সংরক্ষিত থাকবে ঃ শিক্ষামন্ত্রী

দেশের সকল প্রতিষ্ঠিত ভাল স্কুলে ষষ্ঠ শ্রেণীতে বাইরের ছাত্রদের জন্য শতকরা দশ ভাগ আসন সংরক্ষিত থাকবে। আগামী শিক্ষা বর্ষ থেকেই এই সিদ্ধান্ত কার্যকর হবে।

১৯৯৭ সালের জাতীয় প্রাথমিক সপ্তাহ উপলক্ষে ঢাকায় এক আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তৃতাকালে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের মন্ত্রী এ এস এইচ কে সাদেক রোববার এ ঘোষণা দেন। খবর তথ্য বিবরণীর।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উপ-মন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার, সচিব ডঃ সাদত হুসাইন এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক আজিজ আহমদ চৌধুরীও এ উপলক্ষে বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, মেধাবী ছাত্ররা যাতে ভাল স্কুলে পড়তে পারে তার জন্যে 'একাডেমিক' সুনাম রয়েছে এমন স্কুলগুলোতে প্রয়োজনে অতিরিক্ত শাখা খোলা হবে। তিনি বলেন, দীর্ঘদিনের এ সমস্যা নিয়ে প্রচুর আলোচনা হয়েছে, কিন্তু বর্তমান সরকার প্রথম বছরেই এ বিষয়ে সুস্পষ্ট সিদ্ধান্ত নিয়েছে।

জনাব সাদেক জানান, এটা প্রাথমিক পদক্ষেপ। একই সঙ্গে মাধ্যমিক শ্রেণীতে সকল স্কুলের ভাল ফল নিশ্চিত করারও পদক্ষেপ নেয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

মন্ত্রী সাম্প্রতিক সময়ে শিক্ষা প্রবণতার একটি তথ্য জানিয়ে বলেন, বিগত বছরগুলোতে প্রকৃত বিজ্ঞান শিক্ষার জনপ্রিয়তা কমে এসেছে। তিনি বলেন, ছাত্ররা বিজ্ঞান পড়তে গিয়ে গণিত, রসায়ন, পদার্থবিজ্ঞানের চেয়ে ভূগোল, মনোবিজ্ঞানকেই অগ্রাধিকার দিতে চায়।

তিনি একই সঙ্গে লেখাপড়ায় মুখস্থ বিদ্যা থেকে ছাত্রদের ফিরিয়ে আনতে পাঠক্রমেও পরিবর্তন আনার ওপর গুরুত্ব আরোপ করেন।

এর আগে ওসমানী স্মৃতি মিলনায়তনে ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুলের শিশু ছাত্রদের এক সমাবেশ অনুষ্ঠিত হয় এবং পরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।